



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/১৮৯৬

তারিখ: ০৭/০৩/২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল কলেজ নির্ধারিত সময়ে প্রার্থীদের প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে পারেনি, সে সকল কলেজ ১২ মার্চ বিকাল ৪টা থেকে ১৮ মার্চ ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে শেষবারের মত এ ধরনের প্রার্থীদের প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারবে। যে সকল প্রার্থী ইতোপূর্বে প্রাথমিক আবেদন করেছে কিন্তু সংশ্লিষ্ট কলেজে ফরম জমা দেয়নি তারাও আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ আবেদন ফরম উল্লিখিত সময়ের মধ্যে কলেজে জমা দিয়ে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজ ২য় পর্যায়ে যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিজিঃ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে নতুন করে কোন প্রার্থী প্রাথমিক আবেদন করতে পারবে না।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	কলেজ কর্তৃক অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	১২/০৩/২০১৮ থেকে ১৮/০৩/২০১৮
২।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Hons. Professional) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন ‘সোনালী সেবা’ প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	১৯/০৩/২০১৮ থেকে ২২/০৩/২০১৮

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/১৮৯৬

তারিখ: ০৭/০৩/২০১৮

অনুলিপি

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি

(মোঃ কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুলজাতীয়

বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪